

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে 'এ' ইউনিটের গুচ্ছ ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার (০৯ মে ২০২৫) সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নোবিপ্রবিসহ জেলার পাঁচটি কেন্দ্রে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ 'এ' ইউনিটের ৮৮৭২ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ৭৬২৩ জন। পরীক্ষায় উপস্থিতির হার ৮৫.৯২ শতাংশ।

পরীক্ষা শুরু হলে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। বহিঃস্থ কেন্দ্রসমূহ পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। উপাচার্যের কেন্দ্র পরিদর্শনকালে উপস্থিত ছিলেন পুলিশ সুপার, নোয়াখালী জনাব মোঃ আব্দুল্লাহ-আল ফারুক, ভিজিল্যান্স ও শৃঙ্খলা উপ-কমিটির আহ্বায়ক ও প্রক্টর এ এফ এম আরিফুর রহমানসহ পরীক্ষা পরিচালনা কমিটি ও বিভিন্ন উপ-কমিটির সদস্যবৃন্দ।

পরিদর্শন শেষে উপাচার্যের কার্যালয়ে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবিসহ মোট পাঁচটি কেন্দ্রে অত্যন্ত সুষ্ঠুভাবে আজ স্নাতক (সম্মান) শ্রেণির 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে সহযোগিতার জন্য সকাল থেকেই আমাদের ভিজিল্যান্স টিম, মনিটরিং এজেন্ট এবং শিক্ষার্থীরা কাজ করছেন। এছাড়াও বিএনসিসি, রোভার স্কাউট ভলান্টিয়ারসহ অন্যান্য টিম বিভিন্ন কেন্দ্রে কাজ করছে। প্রতিটি কেন্দ্রে একজন করে ডাক্তার রয়েছেন। আশা করছি উৎসবমুখর পরিবেশে এবং সুষ্ঠুভাবে ভর্তি পরীক্ষা সম্পন্ন হবে। বিশেষ ধন্যবাদ জানাতে চাই নোয়াখালী জেলা প্রশাসন, স্থানীয় পুলিশ, বিভিন্ন গোয়েন্দা সংস্থাসহ যারা বিভিন্নভাবে যুক্ত ছিলেন সকলের প্রতি। একই সঙ্গে পরীক্ষা পরিচালনা কমিটি ও বিভিন্ন উপ-কমিটির সদস্যবৃন্দ, প্রক্টরিয়াল টিম, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, সর্বোপরি আমাদের শিক্ষার্থীদেরকে ধন্যবাদ জানাই যারা সুষ্ঠুভাবে এ পরীক্ষাটি সম্পাদন করতে আমাদের সহযোগিতা করেছেন।

এ সময় উপাচার্য বিদ্যুৎ পরিষেবা, স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যবৃন্দ, বিভিন্ন ক্লাবসমূহের শিক্ষার্থীবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং নোয়াখালীবাসীসহ যারা ভর্তি পরীক্ষায় সহায়তা করেছেন সবার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, গত ২৫ এপ্রিল এবং ০২ মে ২০২৫ গুচ্ছভুক্ত 'সি' এবং 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী সরকারী মহিলা কলেজ, নোয়াখালী জিলা স্কুল ও নোয়াখালী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হলো।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪